গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয় ঃ ২৫ শে মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রস্তুতিমূলক সভা।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আবদুস সামাদ<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ২৬-০২-২০১৯ |
| সময় | ঃ | সকাল ১০.০০ টা |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট ‘ক’।

আলোচনা ঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি বক্তব্যের শুরুতেই গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তিনি মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বলেন যে, ১৯৭১ সালের এই দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে তাঁর নেতৃত্বে জাতি ঐক্যবদ্ধভাবে মহান স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। কষ্টার্জিত এই স্বাধীনতা যেন ম্লান না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে এবং যার যার অবস্থান থেকে দেশগঠনমূলক কাজ করতে আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) ২৫ শে মার্চ গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষ্যে গত বছরের কার্যক্রম এবং এ বছরের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কর্মসূচি সম্পর্কে সবাইকে অবহিত করেন।

সভাপতি কর্মসূচির বিষয়ে বিস্তারিত আলোচনার পূর্বে ২৫ মার্চ গণহত্যা দিবসের প্রেক্ষাপট তুলে ধরে জানান, ২৫ মার্চ কালো রাতে পাকিস্তানি সেনাবাহিনী পাশবিক হিংস্রতার সহিত বাঙালি জাতির উপর ঝাঁপিয়ে পড়ে ভয়াবহ রক্তাক্ত ইতিহাসের দিন গড়ে তুলেছিল। পাকিস্তানি সামরিক শাসক ইয়াহিয়ার নির্দেশে, জেনারেল টিক্কা খানের নেতৃত্বে “অপারেশন সার্চলাইট” নামের সামরিক অভিযানে সংঘটিত হয় ইতিহাসের জঘন্যতম নারকীয় গণহত্যা। আন্তর্জাতিকভাবে ৯ আগস্ট গণহত্যা দিবস পালিত হলেও ২৫ মার্চ কালো রাতের গণহত্যা ইতিহাসের পাতায় অনেক বেশি রক্তক্ষয়ী, জঘন্য হওয়ায় ২৫ মার্চকে আন্তর্জাতিক গণহত্যা দিবস হিসেবে ঘোষণা করার প্রচেষ্টা সরকারিভাবে অব্যাহত আছে। তাই আসন্ন ২৫ শে মার্চ গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থা জাতীয় অনুষ্ঠানের সাথে মিল রেখে স্ব-স্ব উদ্যোগে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন করতে হবে। এ কর্মসূচির সফল বাস্তবায়নে মন্ত্রণালয়ের সমন্বয়কারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন)। সভায় উপস্থিত সকল সদস্যের আলোচনা-মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

২। (i) **২৫ মার্চ গণহত্যা দিবস পালনের কর্মসূচি ঃ**

(ক) জাতীয় গণত্যা দিবস পালন উপলক্ষ্যে ২৫ শে মার্চ ২০১৯ খ্রিঃ রাত ০৯.০০ টা হতে ০১ মিনিটের প্রতীকী “ব্ল্যাক-আউট” কর্মসূচি এর জন্য সারা দেশের ন্যায় নৌপরিবহন মন্ত্রণালয় ও এর সকল দপ্তর/সংস্থা ও স্থাপনায় বাস্তবায়ন করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ নৌপরিবহন মন্ত্রণালয় অধীন সকল দপ্তর/সংস্থা।**

২। (ii) **২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালনের কর্মসূচি ঃ**

ক) আসন্ন মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৯ উপলক্ষ্যে প্রতিবারের ন্যায় এবারও যথাযথ মর্যাদা ও গুরুত্বের সাথে উদ্‌যাপন করতে হবে। কেন্দ্রিয় অনুষ্ঠান মালার সাথে সামঞ্জস্য রেখে সকল কর্মসূচি গ্রহণ করবেন। মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থার **ভবনসমূহে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন** করবেন এবং ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন করবেন এবং সূর্যাস্তের সাথে সাথে পতাকা নামাতে হবে। এ বিষয়ে দপ্তর প্রধানগণ পতাকা আইন/বিধি অনুসরণ করে পতাকা উত্তোলন/নামানো নিশ্চিত করবেন।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা।**

(অঃ পৃঃ দ্রঃ)

খ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৯ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রতিটি দপ্তর/সংস্থা তাদের গুরুত্বপূর্ণ নৌযান, ভবন/ স্থাপনাগুলোতে ২৪-২৭ মার্চ মোট ০৪ দিন ব্যাপী আলোক সজ্জা করবেন। প্রসঙ্গত উল্লেখ্য যে, কোনো ধরনের বৈদ্যুতিক দূর্ঘটনা যেন না ঘটে সেদিকে নজর রাখবেন। ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের নৌযানসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিত করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা।**

(গ) সদরঘাটসহ অন্যান্য দপ্তর সংস্থার গুরুত্বপূর্ণ জনবহুল স্থানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর **ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের তাৎপর্য** এবং দেশের উন্নয়ন অগ্রগতি বিষয়ে প্রচার করবেন। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ অনুষ্ঠানে দাওয়াতপ্রাপ্ত সকল কর্মকর্তাগণ উপর্স্থিতি নিশ্চিত করবেন। এছাড়াও স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৯ উপলক্ষ্যে মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থার জেলা পর্যায়ের অফিসসমূহ প্রতিটি জেলায় রাষ্ট্রীয় অনুষ্ঠান গুলোতে অংশগ্রহণ করবে। প্রযোজ্য ক্ষেত্রে দপ্তর/সংস্থাগুলো তাদের দপ্তরগুলোতে স্ব-স্ব উদ্যোগে আলোচনা সভার আয়োজন করবে। আলোচনা সভায় অতিথি/বক্তা হিসেবে মহান মুক্তিযুদ্ধের বীর যোদ্ধাদের উপস্থিতি নিশ্চিত করবেন।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ আমন্ত্রিত সকল কর্মকর্তাবৃন্দ।**

ঘ) চট্টগ্রাম, মোংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়ণগঞ্জ) ও বরিশালসহ বিআইডব্লিউটিসি'র ঘাটে বাংলাদেশ নৌবাহিনী ও বাংলাদেশ কোষ্ট গার্ড এককভাবে/যৌথভাবে এবং চাঁদপুরে ও মুন্সীগঞ্জ লঞ্চঘাটে বাংলাদেশ কোষ্ট গার্ডের জাহাজসমূহ এককভাবে বিকাল ২ টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখবে। উক্ত কর্মসূচি সফলভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি।**

(ঙ) সদরঘাট থেকে আশুলিয়া পর্যন্ত নৌপথে কমপক্ষে ০২ টি নৌযানে বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে **দেশাত্ববোধক সংগীত পরিবেশন** অনুষ্ঠানের আয়োজন করবেন।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি।**

চ) নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত মুক্তিযুদ্ধের ভিডিও চিত্রসহ এ মন্ত্রণালয়ের বিভিন্ন উন্নয়নমূলক অর্জন সমূহের উপর নির্মিত **ভিডিও ডকুমেন্টারী বড় ডিসপ্লেতে দর্শনার্থীদের প্রদর্শনের** জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা।**

ছ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৯ উপলক্ষ্যে ৮ম শ্রেণি হতে উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের নিয়ে "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ৭ মার্চের ভাষনের তাৎপর্য এবং দেশের উন্নয়ন অগ্রগতি" বিষয়ে **রচনা প্রতিযোগিতার আয়োজন** করা যেতে পারে। এককভাবে/শিক্ষা মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে এ অনুষ্ঠান করা যেতে পারে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ নৌপরিবহন অধিদপ্তর এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।**

(জ) **নৌকা বাইচ প্রতিযোগিতার** আয়োজনে সহযোগিতা করতে হবে।

**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ বিআইডব্লিউটিএ।**

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ /-
মোঃ আবদুস সামাদ
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৪.১৭ (অংশ-১)-৩৭৩ তারিখ ঃ ০৪-০৩-২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
৩। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, বাংলামটর, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাস্থবক, কারওয়ান বাজার, ঢাকা।

(অঃ পৃঃ দ্রঃ)

৫। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৬। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল আমিন মিলেনিয়াম টাওয়ার, কাকরাইল, ঢাকা।
৭। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগের হাট।
৮। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, পল্টন, ঢাকা।
৯। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
১১। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১২। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম-৪২০৬।
১৩। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।

০৩/২০১৯

নাহিদ-উল-মোস্তাক
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন ঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd

স্মারক নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৪.১৭ (অংশ-১)—৩৭৩

তারিখ ঃ ০৪-০৩-২০১৯

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইডে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৪/০৩/২০১৯

নাহিদ-উল-মোস্তাক
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন ঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় ও এর অধীন সকল দপ্তর/সংস্থাগুলোর অংশগ্রহণ, কার্যক্রম, করনীয়, পূর্ব প্রস্তুতি ইত্যাদি আয়োজনের বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৬-০২-২০১৯ তারিখ বেলা ১০.০০ টায় অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষর ঃ

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর | মোবাইল/ফোন/ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | মো: আমিনুল ইসলাম সচিব (যুগ্মসচিব), NRC | ০১৭১১-৯৪৬৯২৬ | [signature] 26-02-19 |
| | এএসএম মাহবুবুর রহমান ফকিরী প্রা: বি: ক:, মন্ত্রী, সমুদ্র বন্দর, মেরিন লেভেল | 01785375129 | [signature] ২৬/২/২০১৯ |
| | নৌপ্রকৌ, সাজ্জাদ হোসেন কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি | ০১৭৭৪-১০৮০১৭ | [signature] ২৬/২/১৯ |
| | দেওয়ান শওকত উপসচিব নৌপম | 01915875874 dreegov@gmail.com | [signature] ২৬.০২.১৯ |
| | মো: মনিরুজ্জামান মিয়া উপসচিব, নৌপম | 01712217640 | [signature] ২৬/২/১৯ |
| | কাজী ওয়াহিদা দিলরুবা হক উপসচিব, নৌপম | ০১৭১১-৯৬১৯৭৬ | [signature] ২৬/২/১৯ |
| | মো: ওবায়দুল হক উপপ্রধান, নৌপম | ০১৫৫২০৬০০৫৫২ | [signature] |
| | মোহাম্মদ রফিকুল ইসলাম মিয়া PS to Secretary | 01711465819 | [signature] ২৬/০২/১৯ |
| | কাজী নজরুল ইসলাম উপসচিব | 01713477540 | [signature] ২৬/২/১৯ |
| | | | |

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় ও এর অধীন সকল দপ্তর/সংস্থাগুলোর অংশগ্রহণ, কার্যক্রম, করনীয়, পূর্ব প্রস্তুতি ইত্যাদি আয়োজনের বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৬-০২-২০১৯ তারিখ বেলা ১০.০০ টায় অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষর ঃ

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর | মোবাইল/ফোন/ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| | সালাহউদ্দিন আহাম্মদ উপসচিব | 01712176425 sad-fan2002@yahoo.com | |
| | [illegible] | [illegible] | |
| | [illegible] চীফ ইঞ্জিনিয়ার [illegible] | [illegible] | |
| | মো: মমিনুর রশিদ পরিচালক (প্রশাসন) উপসচিব | 01712510061 md.mominurrashid@gmail.com | |
| | কমডোর সৈয়দ আরিফুল ইসলাম [illegible] | 01766685647 | 26/2/19 |
| | কমোডোর এম মাহবুব-উল ইসলাম | ~~0178~~ 01968390000 | |
| | কমান্ডার [illegible] | 0171640170 | |
| | কমডোর [illegible] | 01769764700 | |
| | কমডোর [illegible] চেয়ারম্যান — MD | BSC md@bsc.gov.bd | |
| | মো: আব্দুল কাদের খান উপসচিব নৌপরিবহন মন্ত্রণালয় | | |
| | [illegible] | 01711538851 | |
| | | | |

G:\jeme\jemi note 2018.docx

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় ও এর অধীন সকল দপ্তর/সংস্থাগুলোর অংশগ্রহণ, কার্যক্রম, করনীয়, পূর্ব প্রস্তুতি ইত্যাদি আয়োজনের বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৬-০২-২০১৯ তারিখ বেলা ১০.০০ টায় অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষর ঃ

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর | মোবাইল/ফোন/ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| | কাজী ওয়াকিল নওয়াজ<br>সচিব, বি,আই,ডব্লিউ,টি,সি | 01715001164 | [signature] 26/2/19 |
| | আবুল কালাম আজাদ<br>উর্ধ্বতন উপ-ব্যবস্থাপক (প্র:)<br>মোংলা বন্দর কর্তৃপক্ষ | 01714-353153 | [signature] 26/02/19 |
| | Md. Sajidul Islam Sobuj<br>Assistant Secretary (Co-ordination)<br>Payra Port Authority | 01738618025 | [signature] 26.02.19 |
| | Md. Abdul Khaleq<br>Liaison officer<br>MPA | 01959850040 | [signature] 26.2.19 |
| | মো: আরিফুল ইসলাম<br>হিসাব, নৌপম | 01552657909 | [signature] 26.02.19 |
| | এম. এম. আলমগীর<br>সহকারী প্রধান, নৌপম | 01722-989956 | [signature] 26.02.19 |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |